



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার নং-০৩

২০ জানুয়ারি ২০২৬

তারিখ: -----

০৬ মাঘ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণ/পুনর্গঠন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১২, তারিখ: ২০ জুন ২০২৩, বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮, তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৩, তারিখ: ২৭ নভেম্বর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। রপ্তানিমুখী ও স্থানীয় জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের ঋণ হিসাব পুনঃতফসিলিকরণের লক্ষ্যে ৩০ জুন ২০২৩ তারিখ ভিত্তিক বিদ্যমান ঋণ স্থিতির ২.৫% ডাউন পেমেন্ট জমাদানপূর্বক গ্রাহক কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত নির্ধারিত ছিল। তবে, ভূ-রাজনৈতিক অস্থিরতা, ইউরোপের সামরিক অস্থিতিশীলতা ইত্যাদি কারণে সরবরাহ চেইনে বিঘ্নতা, বৈশ্বিক অর্থনৈতিক মন্দার গতিসহ নানাবিধ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে রপ্তানিমুখী ও স্থানীয় জাহাজ নির্মাণকারী ক্ষতিগ্রস্ত শিল্প প্রতিষ্ঠানের নগদ প্রবাহে বিরূপ প্রভাব পড়েছে মর্মে পরিলক্ষিত হচ্ছে।
- ৩। এক্ষণে, আমদানি বিকল্প পণ্যের পাশাপাশি বিশ্ববাজারে সম্ভাবনাময় রপ্তানিমুখী খাত বিবেচনায় জাহাজ নির্মাণ শিল্প খাতকে গতিশীল রাখা এবং ঋণ আদায়ের স্বার্থে নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে প্রকৃত ক্ষতিগ্রস্ত রপ্তানিমুখী ও স্থানীয় জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের আবেদন পর্যালোচনাপূর্বক প্রতিটি কেসের গুণাগুণ বিবেচনায় নিয়ে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক কর্তৃক পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নীতিমালা প্রযোজ্য হবে:

- ক) ব্যাংকসমূহ রপ্তানিমুখী ও স্থানীয় জাহাজ নির্মাণ শিল্প খাতে বিদ্যমান ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে শ্রেণিকৃত ঋণ/বিনিয়োগের স্থগিত হিসাবে রক্ষিত সুদ/মুনাফা ও অনারোপিত সুদ (ইসলামী শরীয়াহ ভিত্তিক ব্যাংকের ক্ষেত্রে ক্ষতিপূরণ মুনাফা) পৃথক ব্লকড হিসাবে স্থানান্তরকরত অবশিষ্ট স্থিতির উপর ৩% ডাউনপেমেন্ট আদায় সাপেক্ষে (পুনঃতফসিল আবেদনের সাথে ১.৫% ও কার্যকর পরবর্তী ০৬ মাসের মধ্যে অবশিষ্ট ১.৫%) ব্যাংক উক্ত ঋণ ২(দুই) বছরের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১০(দশ) বছর মেয়াদে বিশেষ পুনঃতফসিল করতে পারবে;
- খ) গ্রেস পিরিয়ডকালীন গ্রাহক কর্তৃক ঋণের বিপরীতে আরোপিত সুদ মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে পরিশোধ্য হবে;
- গ) ব্লকড হিসাবে রক্ষিত সুদ সম্পূর্ণ গ্রেস পিরিয়ড সমাপণান্তে পৃথক মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে সুদবিহীন পরিশোধ্য হবে;
- ঘ) ইতোপূর্বে বিআরপিডি সার্কুলার নং-১২/২০২৩ এর আওতায় পুনঃতফসিলকৃত ঋণসমূহকে ২% ডাউন পেমেন্ট (পুনর্গঠন আবেদনের সাথে ১% ও কার্যকর পরবর্তী ০৬ মাসের মধ্যে অবশিষ্ট ১%) আদায় সাপেক্ষে অবশিষ্ট মেয়াদের সাথে সর্বোচ্চ ০২(দুই) বছর যুক্তকরত বিশেষ পুনর্গঠন সুবিধা প্রদান করা যাবে;

- ঙ) জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের ব্যবসা ও রপ্তানি কার্যক্রম চলমান রাখতে নতুন ঋণ সুবিধা গ্রহণের ক্ষেত্রে আলোচ্য বিশেষ পুনঃতফসিলকৃত/পুনর্গঠিত ঋণের বিপরীতে কম্প্রাইজ অ্যামাউন্ট প্রদানের আবশ্যিকতা থাকবে না;
- চ) বিশেষ পুনঃতফসিলকৃত/পুনর্গঠিত ঋণের কিস্তি মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে পরিশোধ্য হবে এবং গ্রাহক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ঋণসমূহ যথানিয়মে শ্রেণিকৃত হবে;
- ছ) বিশেষ পুনঃতফসিলকৃত/পুনর্গঠিত ঋণের ক্ষেত্রে ব্যাংক অশ্রেণিকৃত (ব্যাংকের স্বীয় বিবেচনায় ঋণ ঝুঁকি নিরূপণপূর্বক স্ট্যান্ডার্ড অথবা এসএমএ) ঋণমানের জন্য প্রযোজ্য প্রভিশন সংরক্ষণ করবে এবং সার্কুলারে বর্ণিত নির্দেশনাসমূহের বিষয়ে ব্যাংক তাদের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করবে;
- জ) জাল-জালিয়াতির মাধ্যমে সৃষ্ট ঋণ এবং ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতাগণের ক্ষেত্রে এ সার্কুলারে বর্ণিত সুবিধা প্রদান করা যাবে না;
- ঝ) বিশেষ পুনঃতফসিলকৃত ঋণের কার্যকর পরবর্তী ডাউন পেমেন্ট বা ছয়টি মাসিক/দুইটি ত্রৈমাসিক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক আলোচ্য বিশেষ পুনঃতফসিল/পুনর্গঠন সুবিধা বাতিল করতে পারবে এবং ঋণ আদায়ের নিমিত্ত প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ করতে পারবে। উক্ত ঋণসমূহকে ভবিষ্যতে আর কোনো পুনঃতফসিল/পুনর্গঠন সুবিধা প্রদান করা যাবে না;
- ঞ) আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে প্রাথমিক ডাউন পেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ নগদে জমাদানপূর্বক সংশ্লিষ্ট ব্যাংক বরাবর গ্রাহক এ সার্কুলারের আওতায় পুনঃতফসিল/পুনর্গঠনের আবেদন করতে পারবে। উক্ত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এ সার্কুলারের আওতায় কোনো আবেদন বিবেচনা করা যাবে না;
- ট) ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির তারিখ হতে পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে ব্যাংক কর্তৃক গ্রাহকের আবেদন নিষ্পত্তি করতে হবে;
- ঠ) আলোচ্য বিশেষ পুনঃতফসিল সুবিধা প্রদানের ক্ষেত্রে গ্রাহক নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে প্রকৃত ক্ষতিগ্রস্ত কিনা তা ব্যাংকসমূহ কর্তৃক বিশেষ পরিদর্শনের মাধ্যমে নিরূপণ করতে হবে। বিশেষ পরিদর্শনকালে ব্যাংক সংশ্লিষ্ট গ্রাহকের ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি নিশ্চিত হলে, ক্ষতির পরিমাণ পর্যালোচনার মাধ্যমে স্বীয় বিবেচনায় ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে গুণগতমানে শ্রেণিকরণযোগ্য হিসেবে বিবেচনা করতে পারবে; এবং
- ড) ইসলামী শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকসমূহ শরীয়াহ নীতিমালা অনুসরণপূর্বক তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নীতিমালা পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ বায়েজীদ সরকার)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২